রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ১ নং

# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জানুয়ারি ৩, ২০১৩**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খন্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১—১৩ |
| ২য় খন্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১—১৫ |
| ৩য় খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খন্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—২৭ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খন্ড—অন্য কোন খন্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খন্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ জুন ২০১২

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২২.২০১২-২৩৪**—ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেষ্টমেন্ট এন্ড কমার্স (আইএফআইসি) ব্যাংক লিমিটেড এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস্ অব এসোসিয়েশনের ২(২) ধারার প্রদত্ত ক্ষমতা বলে জনাব মাহমুদউল হক ভূঁইয়া, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর স্থলে জনাব অরিজিৎ চৌধুরী, যুগ্ম-সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে আইএফআইসি ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সাবিনা ইয়াসমিন**
উপ-সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**অফিস আদেশ**

তারিখ, ১৬ জুলাই ২০১২

**নং ৩(১০) কর প্রশাসন-১/২০০৮/৪০৪**—জনাব জ্ঞানশ্রী বিকাশ চাকমা, অতিরিক্ত সহকারী কর কমিশনার, সদর দপ্তর প্রয়োগিক, কর অঞ্চল-৩, চট্টগ্রাম বিগত ০২-৪-১২, ৩-৪-১২ এবং ১০-৪-২০১২ থেকে ১৯-৪-২০১২ইং তারিখ পর্যন্ত যথাযথ কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। বিনা অনুমতিতে অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী শৃংখলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ এর ৪ ধারা মোতাবেক জনাব জ্ঞানশ্রী বিকাশ চাকমা, অতিরিক্ত সহকারী কর কমিশনার, সদর দপ্তর প্রয়োগিক, কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর ১২ দিনের বেতন কর্তনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**মোসাঃ সেলিনা খাতুন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ২৫ জুন ২০১২

**নং আর-৬/৭এন ৪২/২০১২-৩৯৩**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট সিতারা ফৌজিয়া সালাম, পিতা মরহুম জনাব ফজলুস সালামকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৪৭/২০১২-৩৯৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ মজিবুর রহমান, পিতা মরহুম জনাব মোঃ হোসেন আলীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৩১/২০১২-৩৯৬**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুর রউফ, পিতা মরহুম জনাব জয়নুল আবেদীনকে সমগ্র বাংলাদেশ সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১ জুলাই ২০১২

**নং আর-৬/৭এন ৪৬/২০১২-৪০৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব খোন্দকার আব্দুল জাহিদ (রানা), পিতা জনাব খোন্দকার আব্দুল দায়েমকে বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৫১/২০১২-৪০৫**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব আবুল আলা মোহাম্মদ আমিনুল ইসলাম (সরমান), পিতা মরহুম আলহাজ্ব জনাব আবদুর রহমান সরমানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৫২/২০১২-৪০৬**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুল মতিন চৌধুরী, পিতা মরহুম জনাব মোঃ রইছ উদ্দিন চৌধুরীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৫৩/২০১২-৪০৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, পিতা জনাব মোঃ মাহবুবার রহমানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জনাব মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন-১)।

---

**বিচার শাখা-৭**

**নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স**

**আদেশাবলী**

তারিখ, ১৯ জুলাই ২০১২

**নং বিচার-৭/২এন-৩/৯৩ (অংশ-১)-৫৫৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মাওলানা মোঃ মোখলেছুর রহমান, পিতা মৃত মমতাজ আলী, গ্রাম-পূর্বজগন্নাথপুর (পৌরস্কুল পাড়া), ওয়ার্ড নং-৩, ডাকঘর+উপজেলা-বিরামপুর, জেলা-দিনাজপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার বিরামপুর উপজেলার বিরামপুর পৌরসভার ২ ও ৩ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২০ জুন ২০১২

**নং বিচার-৭/২এন-১/২০১১-৪৭০**—নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকার প্রশাসনিক পূণর্বিন্যাসের ফলে কুমিল্লা জেলার লাকসাম উপজেলার সাবেক "৯ নং বেলঘর ইউনিয়ন" এর নিকাহ্ রেজিস্ট্রার জনাব মাওঃ নুর মোহাম্মদ এর অধিক্ষেত্র কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার "১৪ নং বেলঘর দক্ষিণ ইউনিয়ন" মর্মে পরিবর্তন/সংশোধন করা হলো।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**

**টিভি-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ শ্রাবণ ১৪১৯/১৯ জুলাই ২০১২

**নং তম/টিভি-২/৩পি-১/২০০৯/৫০৫**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহা উপলক্ষে বাংলাদেশ টেলিভিশনে প্রদর্শনের লক্ষ্যে জমাকৃত প্যাকেজ অনুষ্ঠান যাচাই-বাছাইয়ের জন্য নিম্নবর্ণিতভাবে "বিশেষ প্রিভিউ কমিটি" গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (প্রেস), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

(৪) জনাব হুমায়ুন চৌধুরী

(৫) জনাব রামেন্দু মজুমদার

(৬) জনাব কেরামত মওলা

(৭) এ্যাডভোকেট মোঃ আফজাল হোসেন

(৮) জনাব ঝুনা চৌধুরী

(৯) বেগম এলিজা আলম

(১০) জনাব নাজমুল ইসলাম তুহিন

(১১) বেগম আতিয়া খান কেয়া

(১২) মিসেস আশরাফুন্নেসা পারুল

**সদস্য-সচিব**

(১৩) পরিচালক (বিজ্ঞাপন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা

২। **কার্যপরিধিঃ**

(ক) কমিটি আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহা উপলক্ষে বিটিভিতে প্রদর্শনের লক্ষ্যে জমাকৃত প্যাকেজ অনুষ্ঠান (নাটক, টেলিফিল্ম, ম্যাগাজিন অনুষ্ঠানসহ অন্যান্য অনুষ্ঠান এবং চলচ্চিত্র) যাচাই-বাছাই করে মান অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক অনুষ্ঠান নির্বাচন করবে;

(খ) কমপক্ষে ০৫(পাঁচ) সদস্যের উপস্থিতিতে কমিটির কোরাম পূর্ণ হবে;

(গ) ২০১২ সালের (পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহার জন্য) অক্টোবর পর্যন্ত এ কমিটি কার্যকর থাকবে;

(ঘ) কমিটি প্রয়োজন অনুসারে প্রতিদিন দুই অথবা তিন শিফটে অনুষ্ঠান অবলোকন করবে।

৩। কমিটির সদস্যরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিটিভি'র জন্য ঈদের কোন অনুষ্ঠান নির্মাণ ও পরিচালনার সংগে যুক্ত থাকতে পারবেন না।

৪। বিশেষ অনুষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে, যা আপিলযোগ্য নয়।

৫। এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হামিদা চৌধুরী**
উপ-সচিব।

---

**প্রেস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ ১৪১৯/৬ জুন ২০১২

**নং ১৫.০০.০০০০.০২০.২২.০০১.১১-২২৩**—সাংবাদিক সহায়তা ভাতা/অনুদান নীতিমালা'-২০১২ এর আওতায় অসচ্ছল সাংবাদিকদের ভাতা/অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নে নীতি নির্ধারণ, দিক-নির্দেশনা ও অনুমোদনের লক্ষ্যে নিম্নোক্তভাবে 'জাতীয় কমিটি' গঠন করা হলো :

**সভাপতি**

(১) সচিব, তথ্য মন্ত্রণালয়

**সহ-সভাপতি**

(২) প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(৩) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা

(৪) ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাসস, ঢাকা

(৫) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা

(৬) মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা

(৭) মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা

(৮) মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা

(৯) জনাব ইকবাল সোবহান চৌধুরী, সভাপতি, বিএফইউজে

(১০) জনাব আবদুল জলিল ভূঁইয়া, মহাসচিব, বিএফইউজে

(১১) জনাব ওমর ফারুক, সভাপতি, ঢাকা সাংবাদিক ইউনিয়ন

(১২) জনাব শাবান মাহমুদ, সাধারণ সম্পাদক, ঢাকা সাংবাদিক ইউনিয়ন।

(১৩) জনাব সাখাওয়াত হোসেন বাদশা, সভাপতি, ঢাকা রিপোর্টার্স ইউনিটি।

(১৪) জনাব সাজ্জাদ আলম খান তপু, সাধারণ সম্পাদক, ঢাকা রিপোর্টার্স ইউনিটি।

**সদস্য-সচিব**

(১৫) যুগ্ম-সচিব (প্রশাসন ও প্রেস), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

**কার্যপরিধিঃ**

(ক) অসচ্ছল সাংবাদিকদের ভাতা/অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নে নীতি নির্ধারণ, দিক-নির্দেশনা ও মহানগর ও জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদনসমূহ পর্যালোচনা ও অনুমোদন।

(খ) কমিটির মেয়াদকাল প্রথম অনুষ্ঠিত সভার তারিখ থেকে ২ (দুই) বছর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লাইসুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**চলচ্চিত্র শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ আষাঢ় ১৪১৯/১৫ জুলাই ২০১২

**নং তম/চলচ্চিত্র-৪/২০১০/৪৩০**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধ সম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০১২-২০১৩ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি'র সুপারিশ বিবেচনার্থে ২২-০১-২০১২ তারিখের তম/চলচ্চিত্র-৪/২০১০/৪৬ নং প্রজ্ঞাপনে গঠিত কমিটি আংশিক সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'** গঠন করা হলো :

**সভাপতি**

(১) মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) সারাহ্ বেগম কবরী, মাননীয় সংসদ সদস্য, ২০৭ নারায়ণগঞ্জ-৪, বাড়ী নং ১৫/ডি, সড়ক নং-৯৩, গুলশান-২, ঢাকা।

(৩) সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা

(৪) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা

(৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

(৬) জনাব মানজারেহাসীন মুরাদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব, বাড়ি নং-৮/এ, ১২/ক, রোড নং-৩০(পুরাতন) ১৪(নতুন), প্লট নং-আদিত্য, সি-৫, ধানমন্ডি, ঢাকা।

(৭) জনাব গোলাম সারওয়ার, সম্পাদক, দৈনিক সমকাল

(৮) সৈয়দ সালাহউদ্দীন জাকী, চিত্রনাট্যকার, বাড়ি নং-৮৩, রোড নং-১২/এ, ছায়ানীড় এপার্টমেন্ট, এ-৫, ধানমন্ডি, ঢাকা।

**সদস্য-সচিব**

(৯) যগ্ম-সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধিঃ**

(ক) ২০১২-২০১৩ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি' এর সুপারিশ পর্যালোচনা করবে;

(খ) সুপারিশ পর্যালোচনান্তে সরকার কর্তৃক প্রণীত **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নিয়মাবলী-২০১২'** এর আলোকে অনুদান প্রদানের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপ-সচিব।

---

**[একই নম্বর ও তারিখের প্রতিস্থাপন]**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**প্রশাসন-০৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪১৯/২৮ মে ২০১২

**নং ৫২.০০৭.০২৮.০০.০০.৩৫৩.২০০৭-৯০৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০২-২০১১ তারিখের নং ০৫.১৫৩.০১৫.০৫.০১.০০৬.২০০৯-২৬ সংখ্যক স্মারকে বর্ণিত সম্মতি সুপারিশ ও অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ এর ০৩-০১-২০১২ তারিখের অম/অবি/ব্যনি-২/পকবি-৪/২০০৯/০৩ সংখ্যক স্মারকের সম্মতির প্রেক্ষিতে এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ অনুযায়ী ৭টি বিভাগীয় কার্যালয় নিম্নোক্ত পদ বিন্যাসসহ সৃজনের মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

**বিভাগীয় কার্যালয় (প্রতি বিভাগে)**

| ক্রমিকনং | পদের নাম | বেতন স্কেল, ০৯ অনুযায়ী | পদের সংখ্যা | পদের শ্রেণী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | যুগ্ম-পরিচালক | ২২২৫০-৩১২৫০ | ১ | ১ম শ্রেণী | |
| (২) | পরিসংখ্যান অফিসার | ১১০০০-২০৩৭০ | ১ | ১ম শ্রেণী | |
| (৩) | প্রধান সহকারী | ৫৫০০-১২০৯৫ | ১ | | |
| (৪) | হিসাবরক্ষক | ৫২০০-১১২৩৫ | ১ | | |
| (৫) | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ৪৭০০-৯৭৪৫ | ৩ | ৩য় শ্রেণী | সদর দপ্তর থেকে স্থানান্তরের মাধ্যমে |
| (৬) | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪৭০০-৯৭৪৫ | ২ | ৩য় শ্রেণী | |
| (৭) | গাড়ীচালক | ৪৭০০-৯৭৪৫ | ১ | - | পদগুলো সরকার কর্তৃক প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে। |
| (৮) | এমএলএসএস | ৪১০০-৭৭৪০ | ২ | | |
| (৯) | নাইটগার্ড | ৪১০০-৭৭৪০ | ১ | | |
| | | | ১৩টি | | |
| | | | ৭টি বিভাগে মোট ৭×১৩ = ৯১টি | ১ম শ্রেণী = ২টি<br>৩য় শ্রেণী = ৮টি<br>৪র্থ শ্রেণী = ৩টি | |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব।

**[একই নম্বর ও তারিখের প্রতিস্থাপন]**

**প্রজ্ঞাপন**

১৪ জ্যৈষ্ঠ ১৪১৯/২৮ মে ২০১২

**নং ৫২.০০৭.০২৮.০০.০০.৩৫৩.২০০৭-৯০৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০২-২০১১ তারিখের নং ০৫.১৫৩.০১৫.০৫.০১.০০৬.২০০৯-২৬ সংখ্যক স্মারকে বর্ণিত সম্মতি ও অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ ০৩-০১-২০১২ তারিখের অম/অবি/ব্যনি-২/পকবি-৪/২০০৯/০৩ সংখ্যক স্মারকের সম্মতির প্রেক্ষিতে এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ অনুযায়ী ৬৯ টি থানায় ৪টি পদ নিম্নোক্তভাবে বিবিএস এর আওতাধীন থানা কার্যালয় (প্রতি থানায়) পর্যায়ে পুনঃবিন্যাসের মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| **থানা কার্যালয় (প্রতি থানায়)** | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃনংঃ | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী) | বিদ্যমান পদের সংখ্যা | পদের সংখ্যা | পদের শ্রেণী | মন্তব্য |
| (১) | থানা পরিসংখানবিদ | ৫৯০০-১৩১২৫ | ১ | ১ | ৩য় শ্রেণী | |
| (২) | কনিষ্ঠ পরিসংখ্যান সহকারী | ৫৫০০-১২০৯৫ | ২ | ২ | ৩য় শ্রেণী | |
| (৩) | চেইনম্যান | ৪১০০-৭৭৪০ | ১ | ১ | - | পদগুলো সরকার কর্তৃক প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে। |
| | | মোট = | ৪ | ৪ | | |
| | | | | ৬৯টি থানায় মোট ৬৯×৪=২৭৬টি পদ | ৩য় শ্রেণী=৩টি<br>৪র্থ শ্রেণী=১টি | |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৪ জুন ২০১২

**নং ৩৯.০০৯.০০৬.০১.০০.০৪২.২০১২-২০১৩/২৯৬**—নির্দেশক্রমে ২০১২-২০১৩ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিশেষজ্ঞ-বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে Peer Review Committee on Inter-Disciplinary (ID) গঠন করা হলো ঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | অধ্যাপক ড. মোঃ দেলোয়ার হোসেন | পুরকৌশল বিভাগ<br>বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা। | আহবায়ক |
| (২) | অধ্যাপক ড. মোঃ আজিজুর রহমান | পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| (৩) | ড. মোহাম্মদ মহির উদ্দীন<br>সহযোগী অধ্যাপক | এনটামোলজি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| (৪) | অধ্যাপক ড. জুলফিকার আহমেদ রেজা | পরিসংখ্যান বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| (৫) | অধ্যাপক ড. আনোয়ারুল ইসলাম | ফার্মেসী বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী | সদস্য |
| (৬) | অধ্যাপক ড. গাজী সালেহ উদ্দিন | চেয়ারম্যান, সমাজতত্ত্ব বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম। | সদস্য |
| (৭) | অধ্যাপক ড. হাবিবুর রহমান | শিশু নেত্রলোজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা। | |
| (৮) | সংশ্লিষ্ট উপ-সচিব/শাখা কর্মকর্তা | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। কর্মপরিধি ঃ Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পর্যালোচনা, বাছাই ও অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করা।

৩। গাইড লাইন অনুযায়ী Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

৪। সদস্য-সচিব সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত ও অন্যান্য প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করবেন।

৫। Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০৯.০০৬.০১.০০.০৪২.২০১২-২০১৩/২৯৭**—নির্দেশক্রমে ২০১২-২০১৩ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিশেষজ্ঞ-বিজ্ঞানী/গবেষক/ কর্মকতাদের সমন্বয়ে Peer Review Committee Physical Sciences (Phy-sc) গঠন করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবী | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | অধ্যাপক সুলতানা শফি | পদার্থবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| (২) | অধ্যাপক ড. মোঃ ফিরোজ আলম খান | পদার্থ বিজ্ঞান বিভাগ,<br>বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| (৩) | অধ্যাপক ড. অমলেশ চন্দ্র মন্ডল | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ<br>বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| (৪) | অধ্যাপক ড. হরিপদ শীল | পদার্থ ও রসায়ন বিভাগ<br>বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| (৫) | ড. মোবারক আহমদ খান | আইআরপিটি, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন,<br>সাভার, ঢাকা | সদস্য |
| (৬) | অধ্যাপক শওকত ওসমান | সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ<br>ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| (৭) | সংশ্লিষ্ট উপ-সচিব/শাখা কর্মকর্তা | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :** Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পর্যালোচনা, বাছাই ও অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করা।

৩। গাইড লাইন অনুযায়ী Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

৪। সদস্য-সচিব সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত ও অন্যান্য প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করবেন।

৫। Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**মুঃ হুমায়ুন কবীর লস্কর**
উপ-সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ আষাঢ় ১৪১৯/১ জুলাই ২০১২

**নং ৩১.০৩৬.০৩১.০০.০০.০৯৬.২০১০(খণ্ড-১)-৪৬৯**—অর্থ বিভাগের ২৮-৬-২০১২ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩২.০০৪.১২-১৪৬ পত্র মোতাবেক ০৩ (তিন) পার্বত্য জেলায় কর্মরত সার্কেল চীফ, হেডম্যান ও কারবারীদের জনপ্রতি মাসিক সম্মানী ভাতা নিম্নোক্ত হারে ও নিম্নোক্ত শর্তে পুনঃনির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | পদবি | পুনঃনির্ধারিত হার |
|---|---|---|
| (১) | সার্কেল চীফ | ১০,০০০/- (দশ হাজার) টাকা |
| (২) | হেডম্যান | ১,০০০/- (এক হাজার) টাকা |
| (৩) | কারবারী | ৫০০/- (পাঁচশত) টাকা |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(ক) এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়ামাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে; এবং

(খ) সম্মানীর প্রাপ্যতা নিশ্চিত হয়ে এ অর্থ ব্যয় করতে হবে।

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

**শাখা-১**

**এল, এ, কেস নং ৪৩/৫৭-৫৮**

**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৭ জুন ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৮৬.১২-২৬৪**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৪-১২-৫৭ ও ৪-৬-৫৯ইং তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল :

**তফসিল**

জেলা রাজবাড়ী, উপজেলা পাংশা, মৌজা পারকুল, জে, এল নং ১২৭

| আর, এস দাগ (আংশিক) | জমির পরিমাণ (একরে) | আর, এস দাগ (পূর্ণ) | জমির পরিমাণ |
|---|---|---|---|
| ৭৬১ | ০.০৮ | ৯৪৫ | ০.০৫ |
| ৮৬৭ | ০.০৮ | ৯৪৬ | ০.০৫ |
| ৮৬৯ | ০.০৯ | ৯৪৭ | ০.০৩ |
| ৮৭০ | ০.০৭ | ৯৪৮ | ০.০২ |
| ৯০১ | ০.০৪ | ৯৪৯ | ০.০৩ |
| ৯০৪ | ০.০৫ | ৯৫০ | ০.০২ |
| ৯০৫ | ০.০৫ | ৯৫১ | ০.০৫ |
| ৯০৬ | ০.০৬ | ৯৫২ | ০.১০ |
| ৯০৭ | ০.০৩ | ৯৫৩ | ০.১২ |
| ৯০৮ | ০.০১ | - | - |
| ৯২২ | ০.০৫ | - | - |
| ৯২৩ | ০.০৪ | - | - |
| ৯২৫ | ০.০৫ | - | - |
| ৯৩১ | ০.০৬ | - | - |
| ৯৩২ | ০.০৭ | - | - |
| ৯৩৪ | ০.০৭ | - | - |
| ৯৩৫ | ০.০৭ | - | - |
| ৯৪০ | ০.০৯ | - | - |
| ৯৪১ | ০.১০ | - | - |
| | মোট=১.১৬ | | মোট=০.৪৭ |

সর্বমোট জমির পরিমাণ (১.১৬+০.৪৭)=১.৬৩ (এক দশমিক ছয় তিন) এর কম/বেশী।

অধিগ্রহণকৃত জমির নক্সা, রাজবাড়ী জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলিয়া মেহের**
সহকারী সচিব।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ জুন ২০১২

**নং ৩৪.০০.০০০০.০৭১.১১.১৩১.২০১১-৭২৪**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নবনিযুক্ত বিমান বাহিনী প্রধান এয়ার মার্শাল মোহাম্মদ ইনামুল বারী, এনডিইউ, পিএসসি-কে বাংলাদেশ হকি ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ দান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নির্মল কান্তি চাকমা**
সিঃ সহকারী সচিব (ক্রীড়া-১)।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-১৬ (কারিগরি-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ আষাঢ় ১৪১৯/১ জুলাই ২০১২

**নং শাঃ ১৬/NTVQF লেভেল-৫-৮/২০১১/১৩৮**—বাংলাদেশ কারিগরি শিক্ষা আইন ১৯৬৭ এর ৪৪ ধারার তফসিলে 2(d)(viii) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় নিম্নোক্ত NTVQF (National Technical and Vocational Qualification Framework) অন্তর্ভুক্তি অনুমোদন করিয়াছেন ঃ

**National Technical & Vocational Qualification Framework**

| NTVQF | Pre-Vocation Education | Pre-Vocation Education | Technical Education | Job Classification |
|---|---|---|---|---|
| NTVQF-6 | | | Diploma in Engineering or Equivalent | Middle Level Manager/Sub-Assistant Engineer. etc. |
| NTVQF-5 | | National Skill Certificate 5 (NSC 5) | | Highly Skilled Worker/Supervisor |
| NTVQF-4 | | National Skill Certificate 4 (NSC 4) | | Skilled Worker |
| NTVQF-3 | | National Skill Certificate 3 (NSC 3) | | Semi-Skilled Worker |
| NTVQF-2 | | National Skill Certificate 2 (NSC 2) | | Basic-Skilled Worker |
| NTVQF-1 | | National Skill Certificate 1 (NSC 1) | | Basic Worker |
| Pre-Voc 2 | National Pre-Vocation Certificate 2 NPVC2 | | | Pre-Vocation Trainee |
| Pre-Voc 1 | National Pre-Vocation Certificate 1 NPVC1 | | | Pre-Vocation Trainee |

The courese Accreditation Document contains type and standard of NTVQF, entry requirement, duration, level and related course information. CBT & A course in different occupation in the skill areas of as under.

Food processing & quality control, Packaging, Graphic design, Web design, Computer operation, Welding, Fitting, Electrician, Machine operator, Machine Maintenance, Supervisor and Teacher/Trainer & Assessor Course for TVET.

The Board will be competent to add other occupation of different skill areas as and when required with approval of the Ministry of Education.

২। উক্ত আইনের 2(d)(viii) ধারা অনুযায়ী NTVQF (National Technical and Vocational Qualification Framework) এর সংগঠন, নির্দেশনা, তদারকী, নিয়ন্ত্রণ, উন্নয়ন তথা পরিচালনার সার্বিক ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

৩। উক্ত আইনের ৪৪ ধারার তফসিলে NTVQF (National Technical and Vocational Qualification Framework) সংযোজিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

**প্রাথমকি ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৩ জ্যেষ্ঠ ১৪১৯/৬ জুন ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২৩/২০১২/২৯৯**—যেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম সিকদার, সুপারিনটেনডেন্ট, খুলনা পিটিআই, খুলনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য তাঁকে নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা চলার মতো উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম সিকদার, সুপারিনটেনডেন্ট, খুলনা পিটিআই, খুলনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহিত প্রদান করা হ'ল।

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২৪/২০১২/৩০০**—যেহেতু, জনাব সমরেন্দ্র নাথ সান্যাল, সহকারী সুপারিনটেনডেন্ট, পাবনা পিটিআই, পাবনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য তাঁকে নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা চলার মতো উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব সমরেন্দ্র নাথ সান্যাল, সহকারী সুপারিনটেনডেন্ট, পাবনা পিটিআই, পাবনা--এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহিত প্রদান করা হ'ল।

তারিখ, ৩০ জ্যেষ্ঠ ১৪১৯/১৩ জুন ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৫৬/২০১১/৩০৯**—যেহেতু, মোঃ আব্দুল লতিফ, উপজেলা শিক্ষা অফিসার, মহেষখালী, কক্সবাজার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপ-বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিতভাবে কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ আব্দুল লতিফ-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) উপ-বিধি মোতাবেক "তিরস্কার" লঘুদণ্ড প্রদান করা হলো।

২। অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, নিয়াজ উদ্দিন**
ভারপ্রাপ্ত সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**স্ব-শাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ১২ আষাঢ় ১৪১৯/২৬ জুন ২০১২

**নং ৩৬.০৬৫.০১৫.০০.০১.০১৬.২০০০-১৭২**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "হোসিয়ারী শিল্পনগরী (নারায়ণগঞ্জ)" শীর্ষক উন্নয়ন প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত বর্তমানে কর্মরত নিম্নোক্ত ৫ (পাঁচ) টি অস্থায়ী পদ ১-৬-২০১২ হতে ৩১-৫-২০১৩ তারিখ পর্যন্ত সংরক্ষণের সরকারি আদেশ জারি করছি :

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | হিসাবরক্ষক-তথা-কোষাধ্যক্ষ | ১ (এক)টি | ৩৫০০-৭৫০০/- (১৩তম গ্রেড) |
| (২) | করণিক তথা মুদ্রাক্ষরিক | ১ (এক)টি | ৩০০০-৫৯২০/- (১৬তম গ্রেড) |
| (৩) | পাম্প চালক | ১ (এক)টি | ২৬০০-৪৮৭০/- (১৮তম গ্রেড) |
| (৪) | এমএলএসএস | ১ (এক)টি | ২৪০০-৪৩১০/- (২০তম গ্রেড) |
| (৫) | প্রহরী | ১ (এক)টি | ২৪০০-৪৩১০/- (২০তম গ্রেড) |
| | মোট= | ৫(পাঁচ)টি | |

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**নিগার সুলতানা**
সিনিয়র সহকারী সচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**(প্রশাসন-৪ অধিশাখা)**

**আদেশ**

তারিখ, ২৮ জ্যৈষ্ঠ ১৪১৯/১১ জুন ২০১২

**নং ৪১.০৩৬.০০১.০০.০০.০৩১.২০১২-৬৩**—যেহেতু, আপনি জনাব মোঃ ফজলুর রহমান, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল কর্মরত থাকাকালীন নড়াইল জেলাধীন লোহাগড়া উপজেলার লাহুড়িয়া এতিমখানায় কোন এতিম প্রতিপালন না করা সত্ত্বেও উক্ত এতিমখানার অনুকূলে সমাজসেবা অধিদপ্তর, ঢাকা হতে গত ১-৬-১৯৯০ হতে ৩১-৫-১৯৯২ পর্যন্ত ১৪২৫৬০/- (এক লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশত ষাট) টাকা বরাদ্দ নিয়ে সৈয়দ মুহাম্মদ ফজলুল করিম, প্রাক্তন সম্পাদক, লাহুড়িয়া এতিমখানা ও অধ্যক্ষ লাহুড়িয়া ছিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসা, লোহাগড়া, নড়াইল এর যোগসাজসে আত্মসাৎ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে লোহাগড়া থানায় দণ্ড বিধি ৪০৯/১০৯/৪২০/৪৬৭/৪৬৮ ধারা এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় তৎকালীন জেলা দুর্নীতি দমন ব্যুরো, নড়াইল হতে মামলা রুজু করা হয় (মামলা নং ০৪, তারিখ ৮-৭-২০০০);

যেহেতু, মামলাটি তদন্ত শেষে দুর্নীতি দমন কমিশন সমন্বয় জেলা কার্যালয়, যশোর হতে চার্জশীট (নং ২৭৪, তারিখ ৩০-১২-২০১০) বিজ্ঞ আদালতে বিচারার্থে দাখিল করা হয়;

যেহেতু, আদালতে আপনার বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলাটি চলমান আছে এবং আপনি উক্ত মামলায় বর্তমানে জামিনে আছেন;

যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থী এবং উক্ত বিধিমালার ৩(বি) ও (ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' 'দুর্নীতিপরায়ণতা'র সামিল ও গুরুদণ্ড প্রদানযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ ফজলুর রহমান, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া (প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল) কে বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৭৩-নোট-২ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১(১) মোতাবেক চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

এই আদেশ অনতিবিলম্বে কার্যকর বলে গণ্য হবে এবং পরবর্তী সিদ্ধান্ত ও নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

**রণজিৎ কুমার বিশ্বাস** এনডিসি
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ আষাঢ় ১৪১৯/২০ জুন ২০১২

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০২.২০১১-৮৩৮**—ময়মনসিংহ জেলার গফরগাঁও থানাধীন চাইরবাড়ীয়া ফাজিল মাদ্রাসার শিক্ষার্থীদের দ্বারা মাদ্রাসা মাঠে কলাগাছ দ্বারা নির্মিত শহীদ মিনারটি উক্ত মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা মোঃ আবু তালেবসহ অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভেঙ্গে ফেলার পরিপ্রেক্ষিতে গফরগাঁও থানার মামলা নং ৩১, তারিখ ২৭-২-২০১২, ধারা ১৪৩/৪৪৭/৪২৭/৩৪ দণ্ডবিধি মামলাটি রুজু করা হয়েছে। বর্ণিত মামলার আসামীরা শহীদ মিনারটি ভেঙ্গে আন্তর্জাতিক মাতৃভাষা ও ভাষা দিবসের প্রতি অবজ্ঞা প্রদর্শন করেছে। মামলার ঘটনাটি রাষ্ট্রদ্রোহী কর্মকাণ্ড যাহা দণ্ডবিধি ১৫৩-ক ধারার শাস্তিযোগ্য অপরাধ। বর্ণিতাবস্থায়, উল্লিখিত আসামীগণের বিরুদ্ধে দায়েরকৃত গফরগাঁও থানার মামলা নং ৩১, তারিখ ২৭-২-২০১২, ধারা ১৪৩/৪৪৭/৪২৭/৩৪ দণ্ডবিধি মামলাটিতে দণ্ডবিধি ১৫৩-ক ধারা সংযোজনের লক্ষ্যে আইনগত ভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধির ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেফিনা বেগম**
উপ-সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ জুলাই ২০১২

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০১.২০১২-৪৩৩**—যেহেতু, জনাব এম এ হালিম মিয়া, ভোলা জেলার মনপুরা উপজেলায় উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব) হিসেবে কর্মরত থাকাকালীন আপনার বিরুদ্ধে কতিপয় অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী এ বিভাগের ১১-১-২০১২ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০১.২০১২ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় জনাব এম এ হালিম মিয়া এর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপ-সচিব (পাস-১), স্থানীয় সরকার বিভাগকে আহ্বায়ক করে ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব এম এ হালিম মিয়া এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন ও যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব এম এ হালিম মিয়াকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি অনুসারে বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে, জনাব এম এ হালিম মিয়া, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব) মনপুরা, ভোলাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি অনুসারে বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড আরোপ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জুলাই ২০১২

**নং ৪৬.০৪৫.০২৭.১৮.০১.০০১.২০১১-(অংশ)-৯০০**—যেহেতু, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ জাহিদুল হক-এর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব করা হয়েছে এবং উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ক ধারা অনুযায়ী বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক অনাস্থার বিষয়ে কার্যক্রম শুরু করা হয়েছে;

যেহেতু, তাঁর দ্বারা উপজেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ উপজেলা পরিষদের স্বার্থহানিকর এবং প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩খ ধারার (১) উপ-ধারা অনুযায়ী উল্লাপাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ জাহিদুল হককে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কাজী এমদাদুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**উন্নয়ন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ জুন ২০১২

**নং ৪৭.০৩৪.০১১.০০.০০.০০২.২০১১-১৯৯**—“Memorandum and Articles of Association of Small Farmers Development Foundation” এর ৩৪(রা) অনুচ্ছেদের বিধান অনুযায়ী সরকার কর্তৃক ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড এর সদস্য হিসেবে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে মনোনয়ন প্রদান করেছেন ঃ

**সদস্যবৃন্দ**

(ক) জনাব এম, খায়রুল কবীর
অবসরপ্রাপ্ত অতিরিক্ত মহাপরিচালক,
বার্ড, কোর্টবাড়ী, কুমিল্লা।

(খ) ড. জিনাত হুদা
অধ্যাপক, সমাজ বিজ্ঞান বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২। উক্ত সদস্যগণকে ৩ (তিন) বৎসরের জন্য মনোনয়ন প্রদান করা হ'ল। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় এ মনোনয়ন বাতিল করতে পারবেন।

**মোহাম্মদ সাজেদুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**প্রশাসন শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ আষাঢ় ১৪১৯/৩ জুলাই ২০১২

**নং ৪৭.০৩২.০১৬.০৬১.০০৫.২০১০-৫৪৮**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৮-৩-১৯৯২ইং ৪-১২-১৩৯৮ বাং তারিখ এর ৫১.১১০.২.০.৯২/৪৮(৫০০) নম্বর আদেশ মোতাবেক এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতির পরিপ্রেক্ষিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন সমবায় অধিদপ্তরের টিওএন্ডই-তে ২১৪টি কম্পিউটার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সমবায় অধিধপ্তরের সংগঠন ও সরঞ্জাম (Table of Organization and Equirpment) এর তালিকায় সংযোজন প্রদান করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাহানা**
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ, ১৪ নভেম্বর ২০১২

**নং আর-৬/৭এন ১০০/২০১২-৬৪৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা মেট্রোপলিটন বার এসোসিয়েশন এর সদস্য এ্যাডভোকেট জনাব এ,এইচ, মোস্তফা কামাল, পিতা মরহুম জনাব আবদুর রাজ্জাককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ আমিনুল ইসলাম**
যুগ্ম-সচিব (প্রশাসন-২)
ও
উপ-সচিব (প্রশাসন)(অতিঃদায়িত্ব)।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**চিশিজ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১২

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-১/২০০৮(অংশ-২)/৬৯৪**—গত ২০-১২-২০১২ তারিখে বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি লক্ষ্মীপুর রোকেয়া-এন-ইসলাম হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, লক্ষ্মীপুর প্রতিষ্ঠার জন্য হোমিওপ্যাথিক বোর্ডের স্বীকৃতির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

**মাহফুজা আকতার**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১২

**নং বিচার-৭/২এন-৪৪/৯৪(অংশ-)-৮৭১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ ফজলুর রহমান, পিতা মৃত ইসমাইল হোসেন, গ্রাম দোবাড়িয়া, ডাকঘর বাড়েরা বাজার, উপজেলা চান্দিনা, জেলা কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার ৬নং বাড়েরা ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২০ ডিসেম্বর ২০১২

**নং বিচার-৭/২এন-৯/৮৫(অংশ-১)-৮৫৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ ছফিউল্লাহ, পিতা মৃত হাবিব উল্লাহ, গ্রাম মঙ্গলকান্দি, ডাকঘর সাতানী, উপজেলা তিতাস, জেলা কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার তিতাস উপজেলার ১নং সাতানী ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।